# WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
# পশ্চিমবঙ্গ বিধানসভা

## BULLETIN—PART I
## বুলেটিন—প্রথম ভাগ

**(Brief Record of the Proceedings of the House)**

(সভার কার্যবিবরণীর সংক্ষিপ্ত নথি)

**Thursday, the 11th July, 2019**

বৃহস্পতিবার, ১১ই জুলাই, ২০১৯

---

**10-00 A.M.**

সকাল ১০-০০ ঘটিকা

### 1. Unstarred Questions

Answers to Unstarred Question Nos. 1 to 53 were laid on the 'Table'.

### ১। অ-তারকিত প্রশ্নাবলী

অ-তারকিত প্রশ্ন নং ১ থেকে ৫৩-এর উত্তর 'টেবিলে' রাখা হল।

### 2. Laying of Reports

The following Reports of the Comptroller & Auditor General of India pertaining to the State Government for the year 2016-2017:

(a) Report on State Finances for the year 2016-2017 (Report No. 1 of 2018);

(b) Report on Public Sector Undertakings for the year 2016-2017 (Report No. 2 of 2018);

(c) Report on Revenue Sector for the year 2016-2017 (Report No. 3 of 2018);

(d) Report on Economic Sector for the year 2016-2017 (Report No. 4 of 2018);

(e) Report on Performance Audit of Pollution by Industries in West Bengal (Economic Sector) (Report No. 5 of 2018); and

(f) Report on General and Social Sector for the year 2016-2017 (Report No. 6 of 2018). ............*Laid.*

২। প্রতিবেদন উপস্থাপন

ভারতের মহাহিসাব নিয়ামক ও নিরীক্ষক-এর রাজ্য সরকার সম্পর্কিত ২০১৬-২০১৭ বছরের নিম্নলিখিত প্রতিবেদন ঃ

(ক) রাজ্যের আর্থিক পরিস্থিতি সংক্রান্ত ২০১৬-২০১৭ বছরের প্রতিবেদন (২০১৮ সালের প্রতিবেদন সংখ্যা ১);

(খ) রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহের উপর ২০১৬-২০১৭ বছরের প্রতিবেদন (২০১৮ সালের প্রতিবেদন সংখ্যা ২);

(গ) রাজস্ব ক্ষেত্র-এর উপর ২০১৬-২০১৭ বছরের প্রতিবেদন (২০১৮ সালের প্রতিবেদন সংখ্যা ৩);

(ঘ) আর্থিক ক্ষেত্র-এর উপর ২০১৬-২০১৭ বছরের প্রতিবেদন (২০১৮ সালের প্রতিবেদন সংখ্যা ৪);

(ঙ) পশ্চিমবঙ্গে শিল্প দ্বারা দূষণের সম্পাদন নিরীক্ষা (আর্থিক ক্ষেত্র) সংক্রান্ত প্রতিবেদন (২০১৮ সালের প্রতিবেদন সংখ্যা ৫); এবং

(চ) সাধারণ ও সামাজিক ক্ষেত্র সংক্রান্ত ২০১৬-২০১৭ বছরের প্রতিবেদন (২০১৮ সালের প্রতিবেদন সংখ্যা ৬)। ............*উপস্থাপিত*।

**3. Legislation**

**Government Bill — Introduced, Considered and Passed**

(A) **The West Bengal Allied-Medical and Para-Medical Council (Amendment) Bill, 2019**

The Bill was introduced and the Motion for consideration of the Bill was moved by the Minister-of-State for Health and Family Welfare Department.

(B) **The West Bengal Clinical Establishments (Registration, Regulation and Transparency) (Amendment) Bill, 2019**

The Bill was introduced and the Motion for consideration of the Bill was moved by the Minister-of-State for Health and Family Welfare Department.

The discussion was held together.

The following Members took part in the debate:

1. Shri Nepal Mahata;
2. Dr. M. Nuruzzaman;
3. Shri Snehasis Chakraborty; and
4. Shri Sk. Amjad Hossain.

The Minister-of-State for Health and Family Welfare Department replied.

(A) The Motion for consideration of The West Bengal Allied-Medical and Para-Medical Council (Amendment) Bill, 2019, was adopted and clause by clause consideration was taken up.

Clause 2 was adopted.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill were adopted.

The Minister-of-State for Health and Family Welfare Department moved that The West Bengal Allied-Medical and Para-Medical Council (Amendment) Bill, 2019, as settled in the Assembly, be passed.

The Motion was adopted.

(B) The Motion for consideration of The West Bengal Clinical Establishments (Registration, Regulation and Transparency) (Amendment) Bill, 2019, was adopted and clause by clause consideration was taken up.

Clause 2 was adopted.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill were adopted.

The Minister-of-State for Health and Family Welfare Department moved that The West Bengal Clinical Establishments (Registration, Regulation and Transparency) (Amendment) Bill, 2019, as settled in the Assembly, be passed.

The Motion was adopted.

(C) **The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 2019**

The Bill was introduced and the Motion for consideration of the Bill was moved by the Minister-in-Charge of the Parliamentary Affairs Department.

(D) **The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 2019**

The Bill was introduced and the Motion for consideration of the Bill was moved by the Minister-in-Charge of the Parliamentary Affairs Department.

The discussion was held together.

The following Members took part in the debate:

1. Shri Manoj Chakraborty;
2. Dr. Sujan Chakraborty; and
3. Shri Biswanath Choudhury.

The Minister-in-Charge of the Parliamentary Affairs Department replied.

(C) The Motion for consideration of The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 2019 was adopted and clause by clause consideration was taken up.

Clause 2 was adopted.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill were adopted.

The Minister-in-Charge of Parliamentary Affairs Department moved that The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 2019, as settled in the Assembly, be passed.

The Motion was adopted.

(D) The Motion for consideration of The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 2019, was adopted and clause by clause consideration was taken up.

Clause 2 was adopted.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill were adopted.

The Minister-in-Charge of the Parliamentary Affairs Department moved that The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 2019, as settled in the Assembly, be passed.

The Motion was adopted.

৩। বিধি প্রণয়ন

সরকারী বিধেয়ক — উত্থাপিত, বিবেচিত ও গৃহীত

(ক) দি ওয়েস্ট বেঙ্গল অ্যালায়েড-মেডিক্যাল অ্যান্ড প্যারা-মেডিক্যাল কাউন্সিল (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৯

বিধেয়কটি উত্থাপিত হয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের রাষ্ট্রমন্ত্রিমহোদয়া বিধেয়কটির বিবেচনার প্রস্তাব পেশ করেন।

**(খ) দি ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এস্টাব্লিশ্‌মেন্টস্ (রেজিস্ট্রেশন, রেগুলেশন অ্যান্ড ট্রান্সপারেন্সি) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৯**

বিধেয়কটি উত্থাপিত হয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের রাষ্ট্রমন্ত্রিমহোদয়া বিধেয়কটির বিবেচনার প্রস্তাব পেশ করেন।

আলোচনা সম্মিলিতভাবে অনুষ্ঠিত হয়।

নিম্নলিখিত বিধায়কগণ বিতর্কে অংশগ্রহণ করেন ঃ

১। শ্রী নেপাল মাহাত;

২। ডঃ এম. নুরুজ্জামান;

৩। শ্রী স্নেহাশীষ চক্রবর্তী; এবং

৪। শ্রী সেখ আমজাদ হোসেন।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের রাষ্ট্রমন্ত্রিমহোদয়া উত্তর প্রদান করেন।

(ক) দি ওয়েস্ট বেঙ্গল অ্যালায়েড-মেডিক্যাল অ্যান্ড প্যারা-মেডিক্যাল কাউন্সিল (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৯ বিধেয়কটির বিবেচনার প্রস্তাব গৃহীত হয়।

এরপর প্রতি খণ্ড পৃথক পৃথকভাবে বিবেচনার জন্য নেওয়া হয়।

খণ্ড ২ গৃহীত হয়।

খণ্ড ১, বিধিবদ্ধকরণ সূত্র, প্রস্তাবনা এবং বিধেয়কটির শিরোনাম গৃহীত হয়।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের রাষ্ট্রমন্ত্রিমহোদয়া দি ওয়েস্ট বেঙ্গল অ্যালায়েড-মেডিক্যাল অ্যান্ড প্যারা-মেডিক্যাল কাউন্সিল (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৯, যেরূপে সভায় স্থিরীকৃত হয় সেরূপে, গ্রহণ করার প্রস্তাব পেশ করেন।

প্রস্তাবটি গৃহীত হয়।

(খ) দি ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এস্টাব্লিশ্‌মেন্টস্ (রেজিস্ট্রেশন, রেগুলেশন অ্যান্ড ট্রান্সপারেন্সি) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৯ বিধেয়কটির বিবেচনার প্রস্তাব গৃহীত হয়।

এরপর প্রতি খণ্ড পৃথক পৃথকভাবে বিবেচনার জন্য নেওয়া হয়।

খণ্ড ২ গৃহীত হয়।

খণ্ড ১, বিধিবদ্ধকরণ সূত্র, প্রস্তাবনা এবং বিধেয়কটির শিরোনাম গৃহীত হয়।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের রাষ্ট্রমন্ত্রিমহোদয়া দি ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এস্টাব্লিশ্‌মেন্টস্ (রেজিস্ট্রেশন, রেগুলেশন অ্যান্ড ট্রান্সপারেন্সি) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৯, যেরূপে সভায় স্থিরীকৃত হয় সেরূপে, গ্রহণ করার প্রস্তাব পেশ করেন।

প্রস্তাবটি গৃহীত হয়।

(গ) **দি ওয়েস্ট বেঙ্গল স্যালারিজ অ্যান্ড অ্যালাউন্সেস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৯**

বিধেয়কটি উত্থাপিত হয় এবং পরিষদীয় বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় বিধেয়কটির বিবেচনার প্রস্তাব পেশ করেন।

(ঘ) **দি বেঙ্গল লেজিসলেটিভ অ্যাসেম্বলি (মেম্বারর্স' এমোলুমেন্টস) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৯**

বিধেয়কটি উত্থাপিত হয় এবং পরিষদীয় বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় বিধেয়কটির বিবেচনার প্রস্তাব পেশ করেন।

আলোচনা সম্মিলিতভাবে অনুষ্ঠিত হয়।

নিম্নলিখিত বিধায়কগণ বিতর্কে অংশগ্রহণ করেন ঃ

১। শ্রী মনোজ চক্রবর্তী;

২। ডঃ সুজন চক্রবর্তী; এবং

৩। শ্রী বিশ্বনাথ চৌধুরী।

পরিষদীয় বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় উত্তর প্রদান করেন।

(গ) দি ওয়েস্ট বেঙ্গল স্যালারিজ অ্যান্ড অ্যালাউন্সেস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৯ বিধেয়কটির বিবেচনার প্রস্তাব গৃহীত হয়।

এরপর প্রতি খণ্ড পৃথক পৃথকভাবে বিবেচনার জন্য নেওয়া হয়।

খণ্ড ২ গৃহীত হয়।

খণ্ড ১, বিধিবদ্ধকরণ সূত্র, প্রস্তাবনা এবং বিধেয়কটির শিরোনাম গৃহীত হয়।

পরিষদীয় বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় দি ওয়েস্ট বেঙ্গল স্যালারিজ অ্যান্ড অ্যালাউন্সেস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৯ যেরূপে সভায় স্থিরীকৃত হয় সেরূপে, গ্রহণ করার প্রস্তাব পেশ করেন।

প্রস্তাবটি গৃহীত হয়।

(ঘ) দি বেঙ্গল লেজিসলেটিভ অ্যাসেম্বলি (মেম্বারর্স' এমোলুমেন্টস) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৯ বিধেয়কটির বিবেচনার প্রস্তাব গৃহীত হয়।

এরপর প্রতি খণ্ড পৃথক পৃথকভাবে বিবেচনার জন্য নেওয়া হয়।

খণ্ড ২ গৃহীত হয়।

খণ্ড ১, বিধিবদ্ধকরণ সূত্র, প্রস্তাবনা এবং বিধেয়কটির শিরোনাম গৃহীত হয়।

পরিষদীয় বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় দি বেঙ্গল লেজিসলেটিভ অ্যাসেম্বলি (মেম্বারর্স' এমোলুমেন্টস) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৯ যেরূপে সভায় স্থিরীকৃত হয় সেরূপে, গ্রহণ করার প্রস্তাব পেশ করেন।

প্রস্তাবটি গৃহীত হয়।

**4. Motions under Rule 185**

**নিয়ম ১৮৫ অনুযায়ী প্রস্তাবসমূহ**

(A) Dr. Partha Chatterjee moved the following Motion:

(ক) ডঃ পার্থ চ্যাটার্জী নিম্নলিখিত প্রস্তাবটি উত্থাপন করেন ঃ

"যেহেতু, এই রাজ্যসহ দেশে সাম্প্রতিককালে সাম্প্রদায়িক শক্তিগুলি নিরবচ্ছিন্নভাবে কোথাও কোথাও বিশৃঙ্খলা ও সাম্প্রদায়িক উত্তেজনা সৃষ্টি করতে চাইছে এবং অন্ধ সাম্প্রদায়িকতায় বিশেষ সম্প্রদায়ের মানুষকে গণপিটুনিতে হত্যা করা হচ্ছে; এবং

যেহেতু, এই সমস্ত শক্তির মদতে রাজ্যের ও দেশের বিভিন্ন অংশে শান্তি, মৈত্রী, সম্প্রীতি ও সংহতি বিঘ্নিত করার চেষ্টা চলছে;

সেহেতু, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের নিকট সমস্ত ধরনের সাম্প্রদায়িক কার্যকলাপ রোধ করার জন্য কঠোর পদক্ষেপ গ্রহণের দাবি জানাচ্ছে এবং একই সাথে রাজ্যের ঐতিহ্য, সংস্কৃতি, সম্প্রীতি, মৈত্রী ও সার্বিক উন্নয়ন অব্যাহত রাখার জন্য এগিয়ে আসতে দলমত নির্বিশেষে রাজ্যের সমস্ত নাগরিকের কাছে আহ্বান জানাচ্ছে।"

(Notice jointly given by **Dr. Partha Chatterjee, Shri Sobhandeb Chattopadhyay, Shri Tapas Roy, Shri Nirmal Ghosh, Shri Jatu Lahiri** and **Shri Idris Ali**.)

(**ডঃ পার্থ চ্যাটার্জী, শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়, শ্রী তাপস রায়, শ্রী নির্মল ঘোষ, শ্রী জটু লাহিড়ী** এবং **শ্রী ইদ্রিশ আলি** যৌথভাবে নোটিশটি দেন।)

Dr. Sujan Chakraborty moved his amendment to the Motion.

ডঃ সুজন চক্রবর্তী প্রস্তাবটিতে তাঁর সংশোধনীর প্রস্তাব পেশ করেন।

(B) Shri Abdul Mannan moved the following Motion:

(খ) শ্রী আব্দুল মান্নান নিম্নলিখিত প্রস্তাবটি উত্থাপন করেন ঃ

যেহেতু, ধর্মনিরপেক্ষতা ভারতীয় সংবিধানের একটি গুরুত্বপূর্ণ ভিত্তি;

যেহেতু, সকল ধর্মের ও সম্প্রদায়ের মধ্যে ভ্রাতৃত্ববোধ, ঐক্য, সহিষ্ণুতা আমাদের দেশের ঐতিহ্য এবং সংস্কৃতি;

যেহেতু, বর্তমানে আমাদের দেশে অসহিষ্ণুতা এবং সাম্প্রদায়িকতার এক হিংস্ররূপ দেখা যাচ্ছে;

যেহেতু, সংখ্যাগুরু এবং সংখ্যালঘু উভয় সম্প্রদায়ের মধ্যেই গোঁড়ামি এবং ধর্মান্ধতার মধ্য দিয়ে বিভেদ সৃষ্টি করার প্রচেষ্টা চলছে;

যেহেতু, দেশের সরকার সংবিধান ও ঐক্য বিরোধী এই ধরনের হিংসাশ্রয়ী ঘটনার বিরুদ্ধে কোন পদক্ষেপ গ্রহণ করার পরিবর্তে তা পরোক্ষভাবে উৎসাহিত করছে;

যেহেতু, এই রাজ্যেও সাম্প্রতিক সময়ে সাম্প্রদায়িক শক্তি ক্রমশ বেশি করে মাথা চাড়া দিচ্ছে;

যেহেতু, সপ্তদশ লোকসভা নির্বাচনের পরবর্তী সময়ে ক্রমবর্ধমান হিংসার সাথে সাথে সাম্প্রদায়িকতা ও প্রাদেশিকতার বিষ ছড়াবার প্রচেষ্টা বাড়ছে;

যেহেতু, সাম্প্রতিক সময়ে এই রাজ্যে আর এস এস-এর শাখা কয়েকগুণ বৃদ্ধি পেয়েছে এবং সাম্প্রদায়িক শক্তি ক্রমশ প্রশ্রয় পাচ্ছে; এবং

যেহেতু, সাম্প্রতিক সময়ে গণপিটুনি এবং গণরোষের নাম করে সম্প্রদায়গত বিবেচনায় আক্রমণ এবং হত্যার ঘটনা ক্রমবর্ধমান;

সেহেতু, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে যে কোন ধরনের সাম্প্রদায়িক মনোভাব ও কার্যকলাপকে দৃঢ়ভাবে দমন করার জন্য সক্রিয় পদক্ষেপ দাবি করছে এবং সাম্প্রদায়িক সম্প্রীতি ও ঐক্য রক্ষায় প্রয়োজনীয় যে কোন কার্যকলাপের বিরুদ্ধে দলমত নির্বিশেষে সকল অংশের নাগরিকদের সামিল করতে অনুরোধ করছে।

(Notice jointly given by **Shri Abdul Mannan, Dr. Sujan Chakraborty, Shri Manoj Chakraborty, Shri Mohit Sengupta, Shri Alberuni Zulkarnain, Shri Nepal Mahata, Shri Asit Mitra, Shri Mainul Haque, Shri Sankar Malakar, Shri Sunil Chandra Tirkey, Shri Kamalesh Chatterjee, Shri Sudip Kumar Mukherjee, Shrimati Firoza Begam, Shri Shafiul Alam Khan, Shri Mostaque Alam, Shri Seikh Safiujjaman, Shri Anisur Rahaman, Shri Narmada Chandra Roy, Shri Manash Mukherjee, Shri Nagendra Nath Roy, Shri Ashok Dinda, Shri Samar Hazra, Shri Humayun Reza** and **Shri Isha Khan Choudhury**.)

(শ্রী আব্দুল মান্নান, ডঃ সুজন চক্রবর্তী, শ্রী মনোজ চক্রবর্তী, শ্রী মোহিত সেনগুপ্ত, শ্রী অলবেরুনি জুলকারনাইন, শ্রী নেপাল মাহাত, শ্রী অসিত মিত্র, শ্রী মইনুল হক, শ্রী শংকর মালাকার, শ্রী সুনীল চন্দ্র তিরকে, শ্রী কমলেশ চ্যাটার্জী, শ্রী সুদীপ কুমার মুখার্জী, শ্রীমতী ফিরোজা বেগম, শ্রী সফিউল আলম খান, শ্রী মোস্তাক আলম, শ্রী সেখ সফিউজ্জামান, শ্রী আনিসুর রহমান, শ্রী নর্মদা চন্দ্র রায়, শ্রী মানস মুখার্জী, শ্রী নগেন্দ্র নাথ রায়, শ্রী অশোক দিন্দা, শ্রী সমর হাজরা, শ্রী হুমায়ুন রেজা এবং শ্রী ঈশা খান চৌধুরী যৌথভাবে নোটিশটি দেন।)

Dr. Sujan Chakraborty moved his amendment to the Motion.

ডঃ সুজন চক্রবর্তী প্রস্তাবটিতে তাঁর সংশোধনীর প্রস্তাব পেশ করেন।

The discussion was held together.

আলোচনা সম্মিলিতভাবে অনুষ্ঠিত হয়।

The following Members took part in the debate:

নিম্নলিখিত বিধায়কগণ বিতর্কে অংশগ্রহণ করেন ঃ

| | |
|---|---|
| 1. Shri Manoj Tigga; | ১। শ্রী মনোজ টিগ্গা; |
| 2. Shri Purnendu Basu, *Minister-in-Charge of Technical Education & Training and Skill Development Department*; | ২। শ্রী পূর্ণেন্দু বসু, *কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী*; |
| 3. Dr. Sujan Chakraborty; | ৩। ডঃ সুজন চক্রবর্তী; |
| 4. Shri Firhad Hakim, *Minister-in-Charge of the Urban Development and Municipal Affairs Department*; and | ৪। শ্রী ফিরহাদ হাকিম, *নগরোন্নয়ন ও পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী*; এবং |
| 5. Shri Abdul Mannan, *Leader of the Opposition*. | ৫। শ্রী আব্দুল মান্নান, *বিরোধী দলনেতা*। |

Dr. Partha Chatterjee exercised his right of reply.

ডঃ পার্থ চ্যাটার্জী অধিকারবলে উত্তর প্রদান করেন।

The amendment moved by Dr. Sujan Chakraborty on the first Motion was lost.

ডঃ সুজন চক্রবর্তী কর্তৃক প্রথম প্রস্তাবের উপর প্রস্তাবিত সংশোধনীটি খারিজ হয়।

The amendment moved by Dr. Sujan Chakraborty on the second Motion was lost.

ডঃ সুজন চক্রবর্তী কর্তৃক দ্বিতীয় প্রস্তাবের উপর প্রস্তাবিত সংশোধনীটি খারিজ হয়।

At this stage, as per direction from the Chair, the aforesaid two motions moved by Dr. Partha Chatterjee and Shri Abdul Mannan respectively were transformed into a Composite Motion as follows:

এইসময় অধ্যক্ষ মহোদয়ের নির্দেশ অনুসারে ডঃ পার্থ চ্যাটার্জী এবং শ্রী আব্দুল মান্নান কর্তৃক উত্থাপিত উপরি-উক্ত প্রস্তাব দুটি নিম্নলিখিত একটি সংযোজিত প্রস্তাবে রূপান্তরিত করা হয়।

"যেহেতু, ধর্ম নিরপেক্ষতা ভারতীয় সংবিধানের একটি গুরুত্বপূর্ণ ভিত্তি এবং সকল ধর্মের এবং সম্প্রদায়ের মধ্যে ভ্রাতৃত্ববোধ, ঐক্য, সহিষ্ণুতা আমাদের দেশের ঐতিহ্য এবং সংস্কৃতি;

যেহেতু, পশ্চিমবঙ্গসহ দেশের অন্যান্য রাজ্যে সাম্প্রতিককালে আর এস এস-এর শাখা কয়েকগুণ বৃদ্ধি পেয়েছে এবং সাম্প্রদায়িক শক্তিগুলি নিরবচ্ছিন্নভাবে বিশৃঙ্খলা ও সাম্প্রদায়িক উত্তেজনা সৃষ্টি করতে চাইছে;

যেহেতু, বর্তমানে আমাদের দেশে অসহিষ্ণুতা এবং সাম্প্রদায়িকতার এক হিংস্ররূপ দেখা যাচ্ছে এবং অন্ধ সাম্প্রদায়িকতায় গণরোষের নামে বিশেষ সম্প্রদায়ের মানুষকে গণপিটুনিতে হত্যা করা হচ্ছে;

যেহেতু, এই সমস্ত শক্তির মদতে রাজ্যের ও দেশের বিভিন্ন অংশে সংখ্যাগুরু এবং সংখ্যালঘু উভয় সম্প্রদায়ের মধ্যে গোঁড়ামি ও ধর্মান্ধতার মধ্য দিয়ে বিভেদ সৃষ্টি করে শান্তি, মৈত্রী, সম্প্রীতি ও সংহতি বিঘ্নিত করার প্রচেষ্টা চলছে;

যেহেতু, সপ্তদশ লোকসভা নির্বাচনের পরবর্তী সময়ে পশ্চিমবঙ্গসহ দেশের বিভিন্ন রাজ্যে সাম্প্রদায়িকতা ও প্রাদেশিকতার বিষ ছড়াবার চেষ্টা চলছে এবং সাম্প্রদায়িক শক্তিগুলি ক্রমশ বেশী করে মাথা চাড়া দিচ্ছে; এবং

যেহেতু, কেন্দ্রীয় সরকার সংবিধান ও ঐক্য বিরোধী এই সমস্ত হিংসাশ্রয়ী ঘটনার বিরুদ্ধে কোন পদক্ষেপ গ্রহণ করার পরিবর্তে তা পরোক্ষভাবে উৎসাহিত করছে;

সেহেতু, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে যে কোন ধরনের সাম্প্রদায়িক হিংসাত্মক কার্যকলাপ দৃঢ়ভাবে দমন করার জন্য কঠোর পদক্ষেপ গ্রহণের দাবী জানাচ্ছে এবং একই সাথে এই রাজ্যের ঐতিহ্য, সংস্কৃতি, সম্প্রীতি, মৈত্রী ও ঐক্য বজায় রাখতে এবং সার্বিক উন্নয়ন অব্যাহত রাখতে এগিয়ে আসার জন্য দলমত নির্বিশেষে রাজ্যের সকল অংশের নাগরিকদের কাছে আহ্বান জানাচ্ছে।"

The Composite Motion was carried.

সংযোজিত প্রস্তাবটি গৃহীত হয়।

(C) Dr. Partha Chatterjee moved the following Motion:

(গ) ডঃ পার্থ চ্যাটার্জী নিম্নলিখিত প্রস্তাবটি উত্থাপন করেন ঃ

যেহেতু, ২য় N.D.A. সরকার মন্ত্রীসভার ১ম সভায় ৪৬টি রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান বেসরকারি মালিকানার নিকট বিক্রি করার সিদ্ধান্ত নিয়েছে;

যেহেতু, এই ৪৬টি শিল্প প্রতিষ্ঠানগুলির মধ্যে পশ্চিমবঙ্গের Bridge & Roof, Burn Standard, Bengal Chemical, Alloy Steel Plant প্রভৃতি ১০টি লাভজনক শিল্প প্রতিষ্ঠান আছে;

যেহেতু, এই শিল্প প্রতিষ্ঠানগুলিতে কয়েক লক্ষ কর্মরত শ্রমিক কর্মচারীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে; এবং

যেহেতু, শ্রমিক কর্মচারীদের এই সিদ্ধান্তের বিরুদ্ধে সমস্ত আবেদনকে কেন্দ্রীয় সরকার প্রত্যাখ্যান করেছে এবং খুব দ্রুত এই লাভজনক প্রতিষ্ঠানগুলি বেসরকারিকরণ করতে চাইছে অলাভজনক সংস্থাগুলিকে পুনরুজ্জীবন না করে;

সেহেতু, এই সভা কয়েক লক্ষ শ্রমিক কর্মচারীদের স্বার্থে কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তের বিরুদ্ধে তার প্রতিবাদ করছে এবং অবিলম্বে বেসরকারিকরণের এই সিদ্ধান্ত পরিবর্তন করার দাবি জানাচ্ছে।

(Notice jointly given by **Dr. Partha Chatterjee, Shri Abdul Mannan, Dr. Sujan Chakraborty, Shri Nirmal Ghosh, Shri Tapas Roy,**

**Shri Samir Chakraborty, Shri Nagendra Nath Roy, Shri Narmada Chandra Roy, Shri Nepal Mahata, Shri Manoj Chakraborty** and **Shri Asit Mitra**.)

(ডঃ পার্থ চ্যাটার্জী, শ্রী আব্দুল মান্নান, ডঃ সুজন চক্রবর্তী, শ্রী নির্মল ঘোষ, শ্রী তাপস রায়, শ্রী সমীর চক্রবর্তী, শ্রী নগেন্দ্রনাথ রায়, শ্রী নর্মদা চন্দ্র রায়, শ্রী নেপাল মাহাত, শ্রী মনোজ চক্রবর্তী এবং শ্রী অসিত মিত্র যৌথভাবে নোটিশটি দেন।)

The following Members including the Minister-in-Charge and the Chief Government Whip took part in the debate:

মন্ত্রিমহোদয় এবং সরকারি মুখ্য সচেতকসহ নিম্নলিখিত বিধায়কগণ বিতর্কে অংশগ্রহণ করেন ঃ

1. Shri Asit Mitra;
2. Shri Nirmal Ghosh, *Chief Government Whip*;
3. Shri Sobhandeb Chattopadhyay, *Minister-in-Charge*; and
4. Dr. Sujan Chakraborty.

১। শ্রী অসিত মিত্র;
২। শ্রী নির্মল ঘোষ, *সরকারি মুখ্য সচেতক*;
৩। শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়, *ভারপ্রাপ্ত মন্ত্রী*; এবং
৪। ডঃ সুজন চক্রবর্তী।

Dr. Partha Chatterjee exercised his right of reply.

ডঃ পার্থ চ্যাটার্জী অধিকারবলে উত্তর প্রদান করেন।

Motion moved by Dr. Partha Chatterjee was carried.

ডঃ পার্থ চ্যাটার্জী কর্তৃক উত্থাপিত প্রস্তাবটি গৃহীত হয়।

**5. Closing of the Thirteenth Session of the 16th Legislative Assembly**

The following Members including Hon'ble Speaker delivered the valedictory speeches:

1. Dr. Partha Chatterjee, *Minister-in-Charge of the Parliamentary Affairs Department*;
2. Shri Abdul Mannan, *Leader of the Opposition*;
3. Dr. Sujan Chakraborty;
4. Shri Biswanath Choudhury;
5. Shri Nagendra Nath Roy;
6. Shri Manoj Tigga;

7. Dr. Rohit Sharma;
8. Shri Nirmal Ghosh, *Chief Government Whip*; and
9. Shri Biman Banerjee, *Hon'ble Speaker*.

**2-10 P.M.**

[The House was adjourned *sine die*.]

**দুপুর ২-১০ ঘটিকা**

(সভা অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখা হয়।)

A. SOM,
*Secretary*.

**CORRIGENDUM**

In Bulletin Part-I, dated the 10th July, 2019, the heading of the item no. 11 should be read as **Special Motion**.

SPL-2019–1000–LAP/275(12)